61

তারিখ 07 APR 1996
পৃষ্ঠা ১ কলাম ২

দৈনিক বাংলা

# সাড়ে পাঁচ লক্ষ পরীক্ষার্থী ঃ আজ থেকে এসএসসি ও দাখিল পরীক্ষা

**স্টাফ রিপোর্টার ঃ** আজ থেকে দেশের ৫টি শিক্ষা বোর্ডের অধীনে এসএসসি পরীক্ষা এবং মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে দাখিল পরীক্ষা শুরু হচ্ছে। সারাদেশের ৫ লাখ ৪০ হাজার ছাত্রছাত্রী এসএসসি ও দাখিল পরীক্ষায় অংশ নেবে।

ইতিপূর্বে গত ২৭ মার্চ এসএসসি পরীক্ষার তারিখ নির্ধারণ করা হয়েছিল কিন্তু রাজনৈতিক অস্থিরতার কারণে এই তারিখ পরিবর্তন করে ৭ এপ্রিল নির্ধারিত হয়।

মোট ৭৫৫টি পরীক্ষা কেন্দ্রে এসএসসি পরীক্ষা অনুষ্ঠিত হবে। এর মধ্যে ৭৫০টি কেন্দ্র দেশে এবং ৫টি পরীক্ষা কেন্দ্র বিদেশে স্থাপন করা হয়েছে। বিদেশের কেন্দ্রগুলি হচ্ছে ঃ আবুধাবী, রিয়াদ, জেদ্দা, দোহা ও ত্রিপলি।

দেশের ২৯০টি কেন্দ্রে দাখিল পরীক্ষা অনুষ্ঠিত হবে।

ঢাকা মহানগরীর ৬০টি স্কুল কেন্দ্রে এবং ২টি মাদ্রাসা কেন্দ্রে এসএসসি ও দাখিল পরীক্ষা অনুষ্ঠিত হবে।

মোট ৪ লাখ ৬৬ হাজার এসএসসি পরীক্ষার্থীর মধ্যে ঢাকা বোর্ডে ১ লক্ষ ৪১ হাজার, রাজশাহী বোর্ডে ১ লক্ষ ২০ হাজার, যশোর বোর্ডে ৭৫ হাজার এবং নবগঠিত চট্টগ্রাম ও কুমিল্লা বোর্ডে ১ লক্ষ ৩০ হাজার পরীক্ষার্থী রয়েছে।

সারাদেশে শান্তিপূর্ণ পরিবেশে এসএসসি ও দাখিল পরীক্ষা অনুষ্ঠানের যাবতীয় প্রস্তুতি ইতিমধ্যেই সম্পন্ন করা হয়েছে। পুলিশ কর্তৃপক্ষ পরীক্ষা হলের দু'শ' গজের মধ্যে যে কোন ধরনের জটলা এবং একত্রে ৪ জনের অধিক লোকের জমায়েত নিষিদ্ধ করেছে। এই নিষেধাজ্ঞা পরীক্ষা অনুষ্ঠানের দিনগুলিতে বহাল থাকবে।

চট্টগ্রাম অফিস জানায়, আজ রোববার থেকে চট্টগ্রাম শিক্ষা বোর্ডের অধীনে প্রথমবারের মত এসএসসি পরীক্ষা শুরু হচ্ছে।

চট্টগ্রাম শিক্ষা বোর্ডের অধীনে চট্টগ্রাম, রাঙ্গামাটি, বান্দরবান, খাগড়াছড়ি, কক্সবাজার জেলার ৪৫ হাজার ৮০০ পরীক্ষার্থী এসএসসি পরীক্ষায় অংশ নিচ্ছে। পাঁচটি জেলায় মোট পরীক্ষা কেন্দ্র রয়েছে ৬৮টি।

চট্টগ্রাম জেলায় ৩৭টি কেন্দ্রে ৩৭ হাজার ৩০০ জন, রাঙ্গামাটি জেলার ৯টি কেন্দ্রে ২ হাজার ৯৫০ জন, বান্দরবান জেলার ৫টি কেন্দ্রে ৫৩৩ জন, কক্সবাজার জেলার ৮টি কেন্দ্রে ৩ হাজার ৪১৭ জন ছাত্রছাত্রী এই পরীক্ষায় অংশ নিচ্ছে।

যশোর ব্যুরো জানায়, যশোর শিক্ষা বোর্ডের অধীন এবার ৭৫ হাজার ৬শ' ৯১ জন মাধ্যমিক পরীক্ষায় অংশ নিচ্ছে। ১শ' ৫৫টি কেন্দ্রে ওই পরীক্ষা অনুষ্ঠিত হবে।

মোট পরীক্ষার্থীর মধ্যে ৪৪ হাজার ৪শ' ৬২ জন ছেলে এবং ৩১ হাজার ২শ' ২৯ জন মেয়ে। এর মধ্যে বিজ্ঞান বিভাগে ২১ হাজার ৯শ' ৬৫ জন ও সমাজ বিজ্ঞান বিভাগে ৫৩ হাজার ৬শ' ৯৫ জন পরীক্ষার্থী আছে। প্রাইভেট পরীক্ষার্থীর সংখ্যা ৭শ' ৩০ জন।

গত বছর এই বোর্ডের পরীক্ষার্থী সংখ্যা ছিল ১ লাখ ৪৩ হাজার ২শ' ২২ জন। এবার তা থেক প্রায় ৬৮ হাজার পরীক্ষার্থী কম। সূত্র জানায়, গতবার রেজিস্ট্রেশন

(৮-এর পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

(প্রথম পৃষ্ঠার পর) আজ থেকে এসএসসি ও দাখিল পরীক্ষা

কেলেংকারির মাধ্যমে বহু ভুয়া পরীক্ষার্থী পরীক্ষার আবেদন করতে সক্ষম হয়। যাদের অনেকের পরীক্ষার আবেদন পরে বাতিল হয়ে যায়।

**শেখ হাসিনা**

আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনা গতকাল এক বিবৃতিতে এসএসসি পরীক্ষার্থীদের সর্বাঙ্গীন সাফল্য কামনা করে বলেছেন, পরীক্ষায় তাদের সাফল্য শুধু তাদের অভিভাবকদেরই নয়—সমগ্র দেশবাসীকেও উদ্বেলিত করবে।